# BANGLADESH SECURITIES AND EXCHANGE COMMISSION (MARGIN) RULES, 2025

# সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (মার্জিন) বিধিমালা, ২০২৫

Bangladesh Gazette Notification # 53.02.0000.000.201.22.0043.01.95.272.157
Dated 6th November 2025

The previous Margin Rules, 1999 have been repealed vide the Bangladesh Gazette Notification # 53.02.0000.000.201.22.0043.01.94.272.156 dated 6th November 2025

## মার্জিন হিসাব খোলা ও পরিচালনা

১। গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে বিধি ৬ মোতাবেক যথাযথ চুক্তি (Margin Agreement)সম্পাদন করে একটি একক মার্জিন হিসাব খুলিতে পারিবে। **বিধি ৫.(২,৬)**

২। গ্রাহকের নামে ইতিমধ্যে অন্য কোন মার্জিন অর্থায়নকারীর নিকট কোন মার্জিন হিসাব থাকিলে, উহাদের বিবরণ উল্লেখপূর্বক একটি ঘোষণা পত্র (Declaration)দাখিল করিবে । **বিধি ৫.(১)**

৩। গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে বিদ্যমান একক নগদ হিসাবকে মার্জিন হিসাবে রুপান্তর করিতে পারিবে, তদ্রুপ চুক্তির মেয়াদান্তে বা যে কোন সময়ে, গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে মার্জিন অর্থায়ন সমন্বয় পূর্বক একক নগদ হিসাবে রুপান্তর করিতে পারিবে। **বিধি ৫.(৩)**

৪। কর্তৃত্বপ্রাপ্ত হিসাবে (Discretionary Account)  মার্জিন অর্থায়ন করা যাবে না। **বিধি ৫.(৫)**

৫ । কোন গ্রাহকের হিসাবে পুঁজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটিজে , মার্জিন অর্থায়ন দিবসের অব্যবহিত পূর্বের ০১ (এক) বছর গড়ে, ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ টাকার বিনিয়োগ না থাকিলে, উক্ত হিসাবে মার্জিন অর্থায়ন করা যাইবে না এবং মার্জিন অর্থায়ন দিবসে উক্ত হিসাব বা পোর্টফলিওতে  ন্যূনতম ৫ (পাঁচ) লক্ষ টাকা বা সমমূল্যের মার্জিন সংরক্ষিত না থাকিলে, কোন ভাবেই, উক্ত হিসাবে মার্জিন অর্থায়ন করা যাইবে না।

বিদ্যমান অর্থাৎ এই বিধিমালা সরকারি গেজেট প্রকাশিত হইবার পূর্বের মার্জিন হিসাবধারী কোন গ্রাহকের মার্জিন হিসাবে ৫ (পাঁচ) লক্ষ টাকার কম  বিনিয়োগ থাকিলে, এই বিধিমালা সরকারি গেজেট প্রকাশিত হইবার ১ (এক) বছরের  মধ্যে উক্ত মার্জিন হিসাবের পোর্টফলিও ৫ (পাঁচ) লক্ষ টাকায় উন্নীত করিতে হইবে, নতুবা মার্জিন অর্থায়নকারী উল্লেখিত গ্রাহকের মার্জিন হিসাব সমন্বয় করতঃ উহা বন্ধ করিবে। **বিধি ১১.(১,২)**

৬। মার্জিন চুক্তির মেয়াদ হইবে ০১ ( এক) বছর, যা যথাযথ পর্যালোচনা করিয়া উভয় পক্ষের সম্মতিতে নবায়ন করা যাইবে । মার্জিন চুক্তির মেয়াদান্তে, কোন মার্জিন হিসাব নবায়ন না করা হইলে , মার্জিন অর্থায়নকারী ৩০ (ত্রিশ) ট্রেডিং  দিবসের মধ্যে মার্জিন হিসাব সমন্বয় করতঃ বন্ধ করিবে । **বিধি ৬.(৫,৬)**

৭ । মার্জিন অর্থায়নকারী, উহার গ্রাহকের পরিচিতি তথা, KYC (Know your customer’) এবং মার্জিন সংক্রান্ত সম্ভাব্য ঝুঁকি (risk assessment and analysis)) যথাযথভাবে পর্যালোচনা করিয়া মার্জিন অর্থায়ন করিবে। **বিধি ৬.(৮)**

৮ । কোন ছাত্র-ছাত্রী, গৃহিণী বা অবসরপ্রাপ্ত বেক্তিকে মার্জিন অর্থায়ন করা যাইবে না । তবে কোন গৃহিণী বা অবসরপ্রাপ্ত বেক্তি সম্পদশালী {high net-worth individual (HNI)} থাকিলে, মার্জিন অর্থায়নকারী নিজস্ব নীতিমালা অনুসরণ পূর্বক মার্জিন অর্থায়ন করিতে পারিবে । **বিধি ৬.(৯)**

৯ । মার্জিন অর্থায়নকারী কোন চেক , পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট এর নগদায়ন না হওয়া পর্যন্ত উহা বা উহাদের বিপরীতে বা মাধ্যমে কোন হিসাবে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না। **বিধি ৭.(২)**

১০। মার্জিন অর্থায়নকৃত অর্থ মার্জিনযোগ্য সিকিউরিটিজ  ক্রয় ব্যতীত অন্য কোন উদ্দেশে ব্যবহার বা স্থানান্তর বা নগদে উত্তোলন করা যাবে না। **বিধি ৭.(৪)**

১১ । মার্জিন অর্থায়নকারী মার্জিন হিসাবে গ্রাহকের ইকুইটি (Equity) এর অধিক পরিমান মার্জিন অর্থায়ন করিতে পারিবে না অর্থাৎ গ্রাহকের ইকুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১:১ হইবে। তবে সার্বিক বাজার মূল্য – আয় অনুপাত (overall market P/E) ২০ এর অধিক হইলে, মার্জিন অর্থায়ন গ্রাহকের ইকুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১:০.৫ হইবে । **বিধি ৭.(৫)**

১২ । গ্রাহকের পোর্টফলিও মূল্য ৫ (পাঁচ ) লক্ষ বা উহার অধিক, তবে ১০ (দশ) লক্ষ টাকার কম হইলে , গ্রাহকের ইকুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১:০.৫ এর অধিক হইবে না; গ্রাহকের পোর্টফলিও মূল্য ১০ (দশ) লক্ষ টাকা বা উহার অধিক হইলে , গ্রাহকের ইকুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১:১ এর অধিক হইবে না। **বিধি ৭.(৬ক,৬খ)**

১৩। মার্জিন অর্থায়নকারী স্বীয় বিবেচনায় গ্রাহক ভিত্তিক মার্জিন অর্থায়ন (margin financing) সীমা নির্ধারণ করিতে পারিবে; তবে উক্ত সীমা কোন ভাবেই বিধি ৭ এর উপবিধি ৫ ও ৬ এ বর্ণিত সীমার অধিক হইবে না। **বিধি ১৫.(১)**

১৪। মার্জিন অর্থায়নকারী মার্জিন অর্থায়নের বিপরীতে গ্রাহকের নিকট হইতে, ত্রৈমাসিক ভিত্তিতে, নির্ধারিত সুদ বা মুনাফা ও অন্যান্য চার্জ, যদি থাকে, নগদে (in cash) বা প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ বিক্রয় করিয়া আদায় করিবে। এইরূপ নিয়ম-নীতিসমূহ, সময় সময়, সুস্পষ্টভাবে গ্রাহককে অবহিত করিবে। **বিধি ১৫.(২)**

১৫। আদায়যোগ্য বা বকেয়া সুদ বা মুনাফা বা অন্যান্য চার্জ মার্জিন অর্থায়ন (capitalized) হিসাবে বিবেচনা করা যাবে না। **বিধি ১৫.(৩)**

১৬ । কোন তালিকাভুক্ত লাইফ ইনসিওরেন্স কোম্পানির শেয়ার ক্রয়ে গ্রাহকের ইকুইটি ও মার্জিন অর্থায়ন অনুপাত ১:০.২৫ এর অধিক হইবে না। **বিধি ৭.(৬গ)**

১৭। মার্জিন অর্থায়নের পর কোন মার্জিন হিসাবে মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটি ব্যতীত অন্য কোন সিকিউরিটি সংরক্ষন করা যাইবে না। **বিধি ১১.(১)**

১৮। কোন গ্রাহকের মার্জিন হিসাবে, মার্জিন অর্থায়ন পরবর্তী কোন সময়ে, সিকিউরিটি বা পোর্টফলিও মূল্য বৃদ্ধি বা অনার্জিত আয় (unrealized gain) এর উপর পুনঃ মার্জিন অর্থায়ন করা যাইবে না। **বিধি ৭.(৮)**

১৯ । কোন মার্জিন হিসাবে সার্বক্ষণিক 'সংরক্ষিতব্য মার্জিন (maintenance margin)' হিসেবে গ্রাহকের ইকুইটি মার্জিন অর্থায়নের শতকরা হারের ৭৫ ভাগ (৭৫%) বা উহার পোর্টফলিও মূল্য (portfolio value) মার্জিন অর্থায়নের শতকরা ১৭৫ ভাগের (১৭৫%) কম হইবে না ; যদি কোন কারনে বা কোন সময় কোন গ্রাহকের ইকুইটি বা পোর্টফলিও মূল্য ৭৫ ভাগ (৭৫%) বা ১৭৫ ভাগের (১৭৫%) নীচে নামিয়া যায়, তাহা হইলে মার্জিন অর্থায়নকারী তা সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট গ্রাহককে অনতিবিলম্বে মার্জিন তলব (margin call) করিবে। মার্জিন তলব (margin call) লিখিত বা গ্রাহকের নিবন্ধিত ই-মেইল ও মোবাইল নম্বরে বা হোয়াটসএপে মেসেজ এর মাধ্যমে প্রদান করিতে হইবে। **বিধি ৯.(১,২)**

২০ । মার্জিন তলব করিবার ৩ (তিন) ট্রেডিং দিবস পরও যদি কোন গ্রাহক প্রয়োজনীয় মার্জিন জমাদানে ব্যর্থ হন বা বিরত থাকেন, বা তাহার ইকুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৭৫ ভাগ (৭৫%) বা উহার পোর্টফলিও মূল্য (portfolio value) মার্জিন অর্থায়নের শতকরা ১৭৫ ভাগে (১৭৫%) উন্নীত করিতে বা সংরক্ষণ করিতে ব্যর্থ হন, তাহা হইলে মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহককে নতুন করিয়া কোন লেনদেন করিতে দিবে না। তবে শর্ত থাকে যে, গ্রাহকের ইকুইটি বা পোর্টফলিও মূল্য মার্জিন অর্থায়নের উল্লেখিত শতকরা হারে (৭৫% বা ১৭৫%) উন্নীত বা সমন্বয় করিবার নিমিত্ত গ্রাহকের ইকুইটি মার্জিন অর্থায়নের

শতকরা হারের ৭৫ ভাগ (৭৫%) বা উহার পোর্টফলিও মূল্য (portfolio value) মার্জিন অর্থায়নের শতকরা ১৭৫ ভাগের (১৭৫%)উক্ত হিসাবে রক্ষিত প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ বিক্রয় করিতে পারিবে। **বিধি ৯.(৩)**

২১ । যদি কোন গ্রাহকের ইকুইটি মার্জিন অর্থায়নের শতকরা ৫০ ভাগ (৫০%) বা উহার পোর্টফলিও মূল্য (portfolio value) মার্জিন অর্থায়নের শতকরা ১৫০ ভাগ (১৫০%) বা উহার কম হয়, তাহা হইলে মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহকের হিসাব সমন্বয়ের নিমিত্ত , গ্রাহককে কোন নোটিশ প্রদান ব্যতিরেকে, উক্ত হিসাবে রক্ষিত প্রয়োজনীয় সংখ্যক সিকিউরিটিজ আবশ্যিকভাবে বিক্রয় করিবে। মার্জিন অর্থায়নকারী আবশ্যিকভাবে বিক্রয় করিতে বা কোন মার্জিন হিসাব সমন্বয় করিতে অবহেলা করিলে, উদ্ভূত দায়-দায়িত্ব মার্জিন অর্থায়নকারীর উপর বর্তাইবে । **বিধি ৯.(৪,৫)**

২২। বিধি ৯ এর উপবিধি (৪) মোতাবেক আবশ্যিকভাবে বিক্রয় না করিবার কারণে উদ্ভূত কোন ক্ষতি বা দায় মার্জিন অর্থায়ন হিসাবে বিবেচনা করা যাইবে না , এবং উহা কোন ভাবেই গ্রাহক হইতে আদায় বা সমন্বয় করা যাইবে না। **বিধি ১৫.(৪)**

২৩। **একক গ্রাহকের মার্জিন অর্থায়ন সীমা (single client exposure limit):** কোন মার্জিন অর্থায়নকারী উহার প্রকৃত মূলধন (core capital) বা নিট সম্পদ (net worth) এর ১৫% বা ১০ (দশ) কোটি টাকা, যাহা কম হয়, তাহার অধিক কোন গ্রাহককে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না। তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার ১ (এক) বছরের মধ্যে কোন বিদ্যমান একক গ্রাহকের মার্জিন অর্থায়ন সীমা এই বিধি মোতাবেক সমন্বয় করিতে হইবে। **বিধি ১৭**

## মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটি (margin financeable security):

২৪। মার্জিন অর্থায়নকারী স্টক এক্সচেঞ্জের মূল বোর্ডের (main board) এ তালিকাভুক্ত ‘A’ এবং ‘B’ ক্যাটাগরীর শেয়ারসমূহ ব্যতীত অন্য কোন সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না; তবে শর্ত থাকে যে, ‘B’ ক্যাটাগরীভুক্ত কোন কোম্পানি বার্ষিক ৫% লভ্যাংশ বিতরণ না করিলে ‘B’ ক্যাটাগরীর কোন শেয়ার ক্রয়ের নিমিত্ত মার্জিন অর্থায়ন করা যাইবে না। আরো শর্ত থাকে যে, মার্জিন অর্থায়নকৃত ‘A’ এবং ‘B’ ক্যাটাগরীর কোন শেয়ার পরবর্তীতে ‘Z’ ক্যাটাগরীতে রুপান্তরিত হইলে, বা ‘B’ ক্যাটাগরীভুক্ত কোন কোম্পানি বার্ষিক ন্যূনতম ৫% লভ্যাংশ প্রদান না করিলে, মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহককে অনতিবিলম্বে নোটিশ প্রদান করতঃ তৎপরবর্তী ৬০ (ষাট) ট্রেডিং দিবসের মধ্যে উক্ত শেয়ারসমূহ আবশ্যিকভাবে বিক্রয় করিয়া উহা সমন্বয় করিবে। **বিধি ১০.(১)**

২৫। স্টক এক্সচেঞ্জের SME, ATB বা OTC প্লাটফর্ম  বা বোর্ডে তালিকাভুক্ত কোন সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন করা যাইবে না। বিদ্যমান অর্থাৎ এই বিধিমালা সরকারি গেজেট প্রকাশিত হইবার পূর্বের মার্জিন হিসাবধারী কোন গ্রাহকের মার্জিন হিসাবে রক্ষিত কোন সিকিউরিটি মার্জিন অর্থায়ন অযোগ্য (non-margible) সিকিউরিটিতে রুপান্তরিত হইলে, মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহককে অনতিবিলম্বে নোটিশ প্রদান করতঃ তৎপরবর্তী ৬ (ছয় ) মাসের মধ্যে উক্ত শেয়ারসমূহ আবশ্যিকভাবে বিক্রয় করিয়া উক্ত হিসাব সমন্বয় করিবে। **বিধি ১০.(২,৩)**

২৬। মার্জিন অর্থায়নের জন্য বিবেচ্য সিকিউরিটির উম্মুক্ত বাজার মূলধন (free float market capital) ন্যূনতম ৫০(পঞ্চাশ) কোটি না হইলে উহাতে কোন মার্জিন অর্থায়ন করা যাইবে না। তবে কোন কারণে কোন সিকিউরিটির উম্মুক্ত বাজার মূলধন ৫০(পঞ্চাশ) কোটির নীচে নামিয়া গেলে, মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহককে অনতিবিলম্বে নোটিশ প্রদান করতঃ তৎপরবর্তী ৬০ (ষাট) ট্রেডিং দিবসের মধ্যে উক্ত সিকিউরিটি আবশ্যিকভাবে বিক্রয় করিয়া উহা সমন্বয় করিবে। **বিধি ১১.(৩)**

২৭। মার্জিন অর্থায়নের জন্য বিবেচ্য সিকিউরিটির পূর্ববর্তী মূল্য-আয় (Trailing P/E) অনুপাত ৩০ (ত্রিশ) এর অধিক হইলে উহাতে কোন মার্জিন  অর্থায়ন করা যাইবে না। তবে উক্ত বিবেচ্য সিকিউরিটির মূল্য-আয় (P/E) অনুপাত ৩০ (ত্রিশ) বা খাতভিত্তিক মধ্যম মূল্য-আয় ( sectoral median P/E) অনুপাত এর দ্বিগুণ (double),যাহা কম হয়, তাহার ভিত্তিতে মার্জিন অর্থায়নযোগ্য সিকিউরিটি নির্বাচন করিতে হইবে। তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট সিকিউরিটির মূল্য-আয় (P/E) অনুপাত বা খাতভিত্তিক মূল্য-আয় ( sectoral P/E) অনুপাত নির্ধারণের ক্ষেত্রে শেয়ার প্রতি ঋণাত্মক আয়কে (negative EPS) কোন ভাবেই বিবেচনা করা যাইবে না। **বিধি ১১.(৪,৫)**

**মার্জিন অর্থায়নের জন্য সিকিউরিটির পূর্ববর্তী মূল্য-আয় (Trailing P/E) নির্ধারণ** = সিকিউরিটির সর্বশেষ ট্রেডিং দিবসের সমাপনী মূল্য (closing price) ভাগ (/)সর্বশেষ ধারাবাহিক ৪ (চার) প্রান্তিকের শেয়ার প্রতি আয় (EPS) এর যোগফল । **বিধি ১১.(৫)**

২৮। কোন ইস্যুয়ার কোম্পানির নিরীক্ষিত আর্থিক বিবরণীতে সংশ্লিষ্ট কোম্পানি বা ব্যবসার অস্তিত্বের হুমকি (going concern threat) বা ঝুঁকি উল্লেখপূর্বক বিরূপ মন্তব্য ( qualified opinion) প্রদত্ত হইলে, উক্ত সিকিউরিটি বা ইস্যুয়ার কোম্পানির শেয়ার ক্রয়ের নিমিত্তে কোন মার্জিন অর্থায়ন করা যাইবে না।  **বিধি ১১.(৬)**

২৯। কোন সিকিউরিটি ইস্যুয়ার কোম্পানির ব্যবসায় কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ থাকিলে, উক্ত সিকিউরিটি বা ইস্যুয়ার কোম্পানির শেয়ার ক্রয়ের নিমিত্তে কোন মার্জিন অর্থায়ন করা যাইবে না।  **বিধি ১১.(৭)**

৩০। কোন স্টক এক্সচেঞ্জ কর্তৃক উহার তালিকাভুক্ত কোন সিকিউরিটিকে ‘N’, ‘Z’ ও ‘G’, ক্যাটাগরীভুক্ত করা হইলে উহাদিগতে কোন মার্জিন অর্থায়ন করা যাইবে না।  **বিধি ১১.(৮)**

৩১। কোন স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নয় বা অতালিকাভুক্ত কোন সিকিউরিটিতে কোন মার্জিন অর্থায়ন করা যাইবে না। **বিধি ১১.(৯)**

৩২। **একক সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন সীমা (single security exposure limit):** কোন মার্জিন অর্থায়নকারী উহার মোট মার্জিন অর্থায়নের (total outstanding of the margin financing) ১৫% এর অধিক কোন একক সিকিউরিটিতে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না। তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবের ১ (এক) বছরের মধ্যে কোন বিদ্যমান একক গ্রাহকের মার্জিন অর্থায়ন সীমা এই বিধি মোতাবেক সমন্বয় করিতে হইবে। এই ক্ষেত্রে বিদ্যমান সিকিউরিটি বলিতে মার্জিন হিসাবধারীর পোর্টফলিওতে রক্ষিত কোন সিকিউরিটিকে বুঝাইবে। **বিধি ১৮**

৩৩। মার্জিন অর্থায়নকারী বা উহার উদ্যোক্তা প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত তালিকাভুক্ত বা অতালিকাভুক্ত কোন সিকিউরিটিতে কোন মার্জিন অর্থায়ন করা যাইবে না। **বিধি ১১.(১০)**

৩৪। কোন পাবলিক অফার বা রাইট ইস্যুতে অংশ গ্রহনের নিমিত্তে কোন মার্জিন হিসাবধারীর অনুকুলে কোন মার্জিন অর্থায়ন করা যাইবে না। **বিধি ১১.(১১)**

৩৫। কোন তালিকাভুক্ত কোম্পানির কোন পরিচালককে, কোন অবস্থাতেই, স্বীয় কোম্পানির কোন শেয়ার ক্রয়ের নিমিত্ত মার্জিন অর্থায়ন করা যাইবে না। **বিধি ১১.(১২)**

৩৬। কোন অবস্থাতেই গ্রাহকের লককৃত (locked-in) বা বন্ধকীকৃত ( liened) বা আবদ্ধকৃত (blocked) বা কোন তালিকাভুক্ত কোম্পানির পরিচালক কর্তৃক ধারণকৃত (directors' shares) কোন শেয়ার বা সিকিউরিটিকে মার্জিন হিসাবে জমা রাখিয়া কোন মার্জিন অর্থায়ন করা যাইবে না। **বিধি ১১.(১৩)**

৩৭। কোন ব্যক্তি কোন তালিকাভুক্ত কোম্পানির কর্তৃত্ব গ্রহন (take-over) বা উল্লেখযোগ্য সংখ্যক শেয়ার অধিগ্রহনের নিমিত্ত মার্জিন অর্থায়ন গ্রহন করিয়া উক্ত কোম্পানির কোন শেয়ার ক্রয় করিতে পারিবে না। **বিধি ১২.(১)**

৩৫ । কোন ব্যক্তি কোন তালিকাভুক্ত কোম্পানির পরিচালক হওয়ার নিমিত্ত মার্জিন অর্থায়ন গ্রহন করিয়া উক্ত কোম্পানির কোন শেয়ার ক্রয় করিতে পারিবে না। **বিধি ১২ .(২)**

৩৬ । কোন ব্যক্তি উহার কোন মার্জিন হিসাবে, মার্জিন অর্থায়নের মাধ্যমে ক্রয়কৃত, কোন শেয়ার ধারণ বা ব্যবহার করিয়া কোন তালিকাভুক্ত কোম্পানির পরিচালক হইতে পারিবে না । **বিধি ১২.(৩)**

৩৭ । কোন ব্যক্তি কোন তালিকাভুক্ত কোম্পানির পরিচালক হিসেবে ধারণকৃত (directors' shares) শেয়ার বা লককৃত (locked-in) বন্ধকী ( liene or pledge) রাখিয়া বা মার্জিন হিসাবে জমা রাখিয়া কোন মার্জিন অর্থায়ন গ্রহন করিতে পারিবে না। **বিধি ১২.(৪)**

৩৮ । কোন ব্যক্তি তাহার মার্জিন হিসাবে রক্ষিত কোন সিকিউরিটি লিয়েন (liene ) বা বন্ধক রাখিয়া অন্য কোন ব্যক্তি বা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে কোন প্রকার ঋণ (loan) বা অগ্রিম গ্রহন করিতে পারিবে না। **বিধি ১২ .(৫)**

৩৯ । মার্জিন অর্থায়নকারীর কোন পরিচালক বা উহার কোন কর্মকর্তা ও কর্মচারী বা উহাদের পরিবারের সদস্য বা উহার উদ্যোক্তা প্রতিষ্ঠানের কোন পরিচালক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে মার্জিন হিসাব খুলিতে বা পরিচালনা করিতে পারিবে না, বা উহাদেরকে মার্জিন অর্থায়ন করা যাইবে না। **বিধি ৫.(৬)**

৪০ । কোন মার্জিন অর্থায়নকারী উহার কোন ডিলার হিসাবে (Dealer Account) বা নিজস্ব পোর্টফলিও (Own Portfolio) হিসাবে মার্জিন অর্থায়ন করিতে পারিবে না। **বিধি ৫.(৭)**

৪১ । কোন মার্জিন অর্থায়নকারী কোন অবস্থাতে উহার প্রকৃত মূলধন (core capital) বা নীট সম্পদ (net worth) এর ৩ গুণের অধিক মার্জিন অর্থায়ন করিতে পারিবে না। **বিধি ৭.(৯)**

৪২ । মার্জিন অর্থায়নকারী পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে নিজস্ব একটি রক্ষণশীল (conservative) নীতিমালা মার্জিন সংক্রান্ত সরকারি গেজেট প্রকাশিত হইবার ৬ (ছয়) মাসের মধ্যে প্রণয়ন ও অনুসরণ করিবে। **বিধি ৮**

৪৩ । মার্জিন অর্থায়নকারীর নিজস্ব নীতিমালা পরিপালন, প্রয়োগ বাস্তবায়ন ও তদারকির নিমিত্ত ন্যূনতম দুই সদস্য বিশিষ্ট একটি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি গঠন করিতে হইবে। উল্লেখ্য যে উক্ত ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিতে সংশ্লিষ্ট মার্জিন অর্থায়নকারীর উদ্যোক্তা প্রতিষ্ঠানের কোন পরিচালক বা উহা কর্তৃক মনোনীত পরিচালনা পর্ষদের সদস্য বা কোন প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করিতে হইবে। উল্লেখিত ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিকে বছরে অন্ততঃ ৪ (চার) টি সভা করিতে হইবে। **বিধি ৮. (১) ও (৩)**

৪৪ । মার্জিন অর্থায়নকারী কর্তৃক প্রণীত নীতিমালা উহার গ্রাহকগণকে পরিস্কারভাবে অবহিত করিবে। **বিধি ৮. (৪)**

৪৫ । মার্জিন অর্থায়নকারী মার্জিন অর্থায়ন সংক্রান্ত বিষয়ে গ্রাহকের ঝুঁকি এবং স্বীয় প্রাতিষ্ঠানিক ঝুঁকি এড়াইতে, নূন্যতম ২ (দুই) সদস্য বিশিষ্ট, একটি গবেষণা দল (research team) গঠন ও তা সার্বক্ষণিক কার্যকর রাখিবে; সদস্যদের যোগ্যতা নূন্যতম স্নাতক ডিগ্রি এবং পুঁজিবাজারে নূন্যতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা। **বিধি ১৪.(১) ও (২)**

৪৬। কোন মার্জিন অর্থায়নকারী BSEC Rules, 2019 (Risk Based Capital Adequacy-RBCA) পরিপালন না করিয়া কোন মার্জিন মার্জিন অর্থায়ন করিতে পারিবে না। তবে শর্ত থাকে যে, এই বিধিমালা সরকারি গেজেটে প্রকাশিত হইবার পরবর্তী ৬ (ছয়) মাস পর্যন্ত মার্জিন অর্থায়নের নিমিত্ত উক্ত বিধান পরিপালনের বাধ্যবাধকতা শিথিল থাকিবে। **বিধি ৩.(১)**

৪৭। কোন মার্জিন অর্থায়নকারী এই বিধান পরিপালনে ব্যর্থ হইলে, মার্জিন অর্থায়নকারী নতুন করিয়া কোন মার্জিন অর্থায়ন করিতে পারিবে না; এবং ইতিপূর্বে প্রদত্ত সমুদয় মার্জিন অর্থায়ন তৎপরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে, সমন্বয় করতঃ উহার মার্জিন অর্থায়ন সংক্রান্ত কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ করিবে। উপবিধি (১) পরিপালন সাপেক্ষে উক্ত মার্জিন অর্থায়নকারী পুনরায় মার্জিন অর্থায়ন করিতে পারিবে। **বিধি ৩.(২)**

৪৮। মার্জিন অর্থায়নকারীকে উহার নিজ নামে , স্বীয় গ্রাহকদিগকে মার্জিন অর্থায়নের নিমিত্ত, একটি স্বতন্ত্র ব্যাংক হিসাব পরিচালনা করিতে হইবে; তবে শর্ত থাকে যে, উহার কোন শাখা বা ডিজিটাল বুথের নামে এইরূপ কোন ব্যাংক হিসাব খোলা যাইবে না। **বিধি ৪.(১)**

৪৯। মার্জিন অর্থায়নকারী উহার কোন শাখা বা ডিজিটাল বুথ হইতে সরাসরি কোন প্রকার মার্জিন অর্থায়ন করিতে পারিবে না। **বিধি ৪.(২)**

৫০। কোন মার্জিন অর্থায়নকারী কোন অবস্থায় বা কোন ভাবে উহার সমন্বিত গ্রাহক হিসাব (consolidated customers' account) হইতে কোন প্রকার মার্জিন অর্থায়ন করিতে পারিবে না। **বিধি ৪.(৩)**

৫১। কমিশনের পূর্বানুমোদন সাপেক্ষে মার্জিন অর্থায়নকারী ইসলামিক শরিয়াহ ভিত্তিক মার্জিন অর্থায়ন পদ্ধতি প্রবর্তন করিতে পারিবে। **বিধি ১৫.(৫)**

৫২। মার্জিন অর্থায়নকারী ঋণ গ্রহনের নিমিত্ত বা অন্য কোন ভাবে উহার কোন গ্রাহকের কোন সিকিউরিটি লিয়েন বা বন্ধক রাখিবে না অথবা কোন ভাবে গ্রাহকের সিকিউরিটিজ বা অর্থ ব্যবহার করিবে না। **বিধি ১৯.(৩)**

৫৩। মার্জিন অর্থায়নকারী গ্রাহকের বিনিয়োগের সহিত নিজের বিনিয়োগ, ডিলার বা নিজস্ব পোর্টফলিও হিসাব, একীভূত করিবে না। মার্জিন অর্থায়নকারী উহার গ্রাহক হিসাব, ডিলার বা নিজস্ব পোর্টফলিও হিসাব এর লেনদেন পৃথকভাবে সংরক্ষণ করিবে। **বিধি ১৯.(৪) ও (৫)**

৫৪। **হিসাব বন্ধকরণ (closure of account):** গ্রাহকের নিকট হইতে নোটিশ প্রাপ্তির ১৫ (পনের) কর্ম-দিবসের মধ্যে, মার্জিন অর্থায়নকারী সংশ্লিষ্ট গ্রাহকের সকল বকেয়া ও দায় সমন্বয় করতঃ হিসাব বন্ধ করিবে এবং সংশ্লিষ্ট গ্রাহককে তার প্রাপ্য অর্থ ও সিকিউরিটিজ যদি থাকে, ফেরত প্রদান করিবে; হিসাব বন্ধ পরবর্তী যদি কোন লভ্যাংশ, রাইট বা বোনাস বা অন্য কোন ভাবে, কোন গ্রাহকের অর্থ বা সিকিউরিটিজ প্রাপ্তি ঘটে, তবে মার্জিন অর্থায়নকারী তাহা একটি suspense account এ সংরক্ষণ করিবে এবং সংশ্লিষ্ট গ্রাহককে তার প্রাপ্য প্রদান করিবে। **বিধি ২২. (১) ও (২)**

৫৫। **সঞ্চিতি (provisioning):** নিরাপত্তামূলক ব্যবস্থা হিসেবে মার্জিন অর্থায়নকারী প্রতি হিসাববর্ষ শেষে উহার মোট মারযিন অর্থায়ন (total outstanding amount) এর ১% হারে সাধারণ সঞ্চিতি (general provision) সংরক্ষণ করিবে।
বিধি **২৩ .(১)**

৫৬। **অভিযোগ ও প্রতিকার (complaints and remedies):** মার্জিন অর্থায়নকারীর কোন সিদ্ধান্ত, নীতি বা মার্জিন অর্থায়ন সংক্রান্ত কোন বিষয়ে মার্জিন হিসাবধারী লিখিত বা মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট মার্জিন অর্থায়নকারীর নিকট অভিযোগ দাখিল করিতে পারিবে। অভিযোগ প্রাপ্তির পর উহা রেজিস্টারে লিপিবদ্ধ করতঃ অনধিক ১৫(পনের) কর্ম-দিবসের মধ্যে উহার প্রতিকার করিবে। গ্রাহক গৃহীত ব্যবস্থায় সন্তুষ্ট না হইলে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জ নতুবা কমিশনে লিখিত বা অনলাইনে অভিযোগ দাখিল করিতে পারিবে। অভিযোগ প্রাপ্তির পর স্টক এক্সচেঞ্জ বা কমিশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবে ও অভিযোগকারীকে লিখিত বা মেইলের মাধ্যমে জানাইয়া দিবে। উপবিধি(৪) অনুযায়ী গৃহীত ব্যবস্থায় সন্তুষ্ট না হইলে অভিযোগকারী কমিশনে আপীল দাখিল করিতে পারিবে; এক্ষেত্রে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। **বিধি ২৪.(১),(২),(৩),(৪),(৫)**

৫৭। **দণ্ডঃ** এই বিধিমালার কোন বিধান লংগিত হইলে, Bangladesh Securities and Exchange Commission আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং) এবং প্রযোজ্য ক্ষেত্রে, Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এর অধীনে দণ্ডনীয় হইবে।